

শিক্ষা ক্যাডারে একসঙ্গে ১৫২৬ জনের পদোন্নতি

এম মামুন হোসেন

দেশের সবচেয়ে বড় ক্যাডার সার্ভিস বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারে একসঙ্গে এক হাজার ৫২৬ জন পদোন্নতি পাচ্ছেন। প্রভাষক থেকে সহকারী অধ্যাপক, সহকারী থেকে সহযোগী অধ্যাপক ও সহযোগী থেকে অধ্যাপক পদোন্নতি দেয়া হচ্ছে।

আগামীকাল রোববার এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হতে পারে বলে জানা গেছে।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) অধ্যাপক মো. আতাউর রহমান খায়রামদিনকে বলেন, একসঙ্গে শিক্ষা ক্যাডারের দেড় হাজারেরও বেশি কর্মকর্তাকে বিভিন্ন পদে পদোন্নতি দেয়া হবে। বিভাগীয় পদোন্নতি কমিটির (ডিপিসি) একজন সদস্য বিদেশে আছেন জানিয়ে তিনি বলেন, তিনি দেশে আসলেই সই করে তা সরকারি আদেশের (জিও) জন্য পাঠানো হবে। পদোন্নতি সংক্রান্ত প্রজ্ঞাপন রোববার জারি করা হতে পারে বলে তিনি জানান।

শিক্ষা মন্ত্রণালয়ের কলেজ উইং থেকে জানা গেছে, এবার

একসঙ্গে শিক্ষা ক্যাডারের এক হাজার ৫২৬ জন কর্মকর্তাকে বিভিন্ন পদে পদোন্নতি দেয়া হবে। পদোন্নতির সঙ্গে পনায়ন করে এবার প্রজ্ঞাপন জারি করা হবে। অধ্যাপক পদে ১৪০, সহযোগী অধ্যাপক পদে ৩৭৫ এবং সহকারী অধ্যাপক পদে এক হাজার ১১১ জনকে পদোন্নতি দেয়া হবে। এছাড়া গত মার্চ মাস থেকে বিভাগীয় পদোন্নতি কমিটির (ডিপিসি) সভা শুরু হয়। জানা গেছে, বর্তমানে শিক্ষা ক্যাডারে অধ্যাপকের ১০৭, সহযোগী অধ্যাপকের ২৮৫, সহকারী অধ্যাপকের ৮০৭ এবং প্রভাষকের ২ হাজার ২৪৯টি পদ শূন্য রয়েছে।

সরকারি কর্মকমিশন (পিএসসি) বিসিএস পরীক্ষার মাধ্যমে সাধারণ শিক্ষা ক্যাডারে প্রভাষক পদে নিয়োগ নিয়ে থাকে। সরকারি কলেজ ছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর ও অধিদপ্তরে শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের নিয়োগ দেয়া হয়। জানা গেছে, এবার বাংলা, ইংরেজি, পট্টবিজ্ঞান, হিসাববিজ্ঞান, সমাজবিজ্ঞান বিষয়ের শিক্ষকরা সবচেয়ে বেশি পদোন্নতি পাচ্ছেন। অন্যদিকে, পূর্ব ক্রম পদোন্নতি : পৃষ্ঠা ১৫ কলাম ৬

পদোন্নতি : শিক্ষা

(শের পৃষ্ঠার পর)

থাকার কারণে প্রাতিবিদ্যা, সংস্কৃত, ইসলামের ইতিহাস, দর্শন ইত্যাদি বিষয়ের শিক্ষকরা কম পদোন্নতি পাবেন। সর্বশেষ গত বছরের ১৯ ডিসেম্বর এ ক্যাডারের কর্মকর্তাদের পদোন্নতি দেয়া হয়। ওই সময় প্রভাষক থেকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পান ৮১৭ জন। শিক্ষা ক্যাডারের কয়েক কর্মকর্তার জন্মের সময় এক বছর পর পদোন্নতি শিক্ষা ক্যাডারের জন্য হস্তি বিঘয়। দীর্ঘদিন ধরে এ ক্যাডারে নানা কারণে পদোন্নতি জটিলতা সৃষ্টি হয়েছে। অন্যান্য ক্যাডারের মতো বাচ্চিক পদোন্নতি না দিয়ে শিক্ষা ক্যাডারে বিজার পদ পূর্ণ হলে পদোন্নতি দেয়া হয়। এতে বিপুলসংখ্যক শিক্ষক অধ্যাপক হওয়ার আগেই অবসর চলে যাচ্ছেন। আবার সুপার নিউমারারি পদের বিপরীতে সব ক্যাডারে পদোন্নতি দেয়া হলেও এ ক্যাডারে তা হয় না।